গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নলডাঙ্গা, নাটোর
www.naldanga.natore.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৬৯৫৫.০০০.১৫.০০৩.২৬-২২ তারিখ ২০ পৌষ ১৪৩২ / ০৪ জানুয়ারি ২০২৬

## ২০ (বিশ) একরের নিম্নে ইজারাকৃত বদ্ধ জলমহাল/খাস পুকুরের ইজারা বিজ্ঞপ্তিঃ

ভূমি মন্ত্রনণালয় সায়রাত-১ অধিশাখা এর ২৩ নভেম্বর, ২০২৫ খ্রিঃ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০২৩.২৫-৭০৪ নং স্মারকে জলমহাল ব্যবস্থপনা নীতি, ২০০৯ অনুযায়ী ২০ (বিশ) একর পর্যন্ত বদ্ধ সরকারি জলমহাল/খাস পুকুর ইজারার জন্য আবেদন দাখিলের নির্ধারিত বিধান অনুযায়ী অত্র নলডাঙ্গা উপেজলার আওতাধীন নিম্নবর্ণিত্য ০২ টি বদ্ধ সরকারি জলমহাল/খাস পুকুর বাংলা ১৪৩৩ সনের ১ বৈশাখ হতে ১৪৩৫ সনের ৩০ চৈত্র পর্যন্ত সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি নিকট অনলাইনে (http://lams.gov.bd) ইজারা আবেদন গ্রহেণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তৎপ্রেক্ষিতে নলডাঙ্গা উপজেলা থেকে সাধারণ আবেদনে ১৪৩৩ বঙ্গাব্দে বদ্ধ সরকারি জলমহাল/খাস পুকুরের ইজারা ব্যবস্থাপনা নির্ধারিত বর্ষপঞ্জিকার (Calender Year) মধ্যে নিষ্পত্তি করার লক্ষ্যে নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী কার্যক্রম গ্রহন করা হবে।

| ক্র নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ১. | ০১ মাঘ হতে ১৫ মাঘের ১৪৩২ বঃ এর মধ্যে (১৫ জানুয়ারি হতে ২৯ জানুয়ারি ২০২৬খ্রি. মধ্যে) | উপেজলা নির্বাহী অফিসারেরর কার্যালয়, নলডাঙ্গা, নাটোর এবং উপজেলা ভূমি অফিস, নলডাঙ্গা, নাটোর এর কার্যালয় হতে ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরৎযোগ্য) সিডিউল/আবেদনপত্র অফিস চলাকালীন সময়ে ক্রয় সাপেক্ষে অনলাইনে আবেদন দাখিল। সিডিউল/আবেদন ফরমে বর্ণিত শর্তাবলীসহ সর্বশেষ সরকারি পরিপত্র/নীতিমালা অনুসরণযোগ্য। |
| ২. | ১৮ মাঘ হতে ২০ মাঘের ১৪৩২ বঃ এর মধ্যে (০১ ফেব্রুয়ারি হতে ০৩ ফেব্রুয়ারি ২০২৬খ্রি. মধ্যে) | নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমিতি কর্তৃক অনলাইনে দাখিলকৃত অনলাইন প্রিন্টেড কপি ও জামানতের মূলকপিসহ আবেদন সংশ্লিষ্ট সকল কাগজপত্রাদি সীলগালা মুখ বন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নলডাঙ্গা, নাটোর এ দাখিল (আবেদন দাখিলের সময় প্রতিদিন ১০.০০ টা হতে দুপুড় ০২.০০ টা পর্যন্ত)। |
| ৩ | ২২ মাঘ হতে ২৮ মাঘের ১৪৩২ বঃ এর মধ্যে (০৫ ফেব্রুয়ারি হতে ১১ ফেব্রুয়ারি ২০২৬খ্রি. মধ্যে) | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ৪ | ২৯ মাঘ হতে ০৫ ফাল্গুন ১৪৩২ বঃ এর মধ্যে (১২ ফেব্রুয়ারি হতে ১৮ ফেব্রুয়ারি ২০২৬খ্রি. মধ্যে) | উপেজলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ৫ | ২৭ ফাল্গুন হতে ০২ চৈত্র ১৪৩২ বঃ এর মধ্যে (১২ মার্চ হতে ১৬ মার্চ ২০২৬খ্রি. মধ্যে) | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। |
| ৬. | ০৩ চৈত্র হতে ১৫ চৈত্র ১৪৩২ বঃ এর মধ্যে (১৭ মার্চ হতে ২৯ মার্চ ২০২৬ খ্রি. মধ্যে) | ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে চুক্তি সম্পাদন। |
| ৭ | ১ বৈশাখ ( ১৪ এপ্রিল ২০২৬ খ্রি.) | ইজারাগ্রহীতাকে জলমহাল দখল বুঝিয়ে দেয়া। |

বাংলা ১৪৩৩ সনের ১ বৈশাখ হতে ১৪৩৫ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ২০ (বিশ) একর পর্যন্ত বদ্ধ সরকারি জলমহাল/খাস পুকুরের ইজারার নিমিত্ত তালিকা :

| ক্রম | ইউনিয়ন | জলমহাল/খাস পুকুরের নাম | মৌজার নাম | দাগ নং | পরিমাণ (একর) | ৫% বৃদ্ধিতে সম্ভাব্য মূল্য (প্রতি বছরের জন্য) | ৫% বৃদ্ধিতে সম্ভাব্য মূল্য(তিন বছরের জন্য) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | ব্রহ্মপুর | চকসরকুতিয়া মৌজা পুকুর | চকসরকুতিয়া | ৪৫৫ | ১.৪৭ | ৩৬,১৬৬/- | ১,০৮,৪৯৯/- | |
| ২ | ব্রহ্মপুর | চকসরকুতিয়া মৌজা পুকুর | চকসরকুতিয়া | ২৪৪ | ০.৫৯ | ৩২,৭৬০/- | ৯৮,২৮০/- | |
| ৩ | ব্রহ্মপুর | ব্রহ্মপুর মৌজা পুকুর | ব্রহ্মপুর | ১০৯১ | ০.৪০ | ৩,৬৪৬/- | ১০,৯৩৭/- | |
| ৪ | ব্রহ্মপুর | কোমরপুর মৌজা পুকুর | কোমরপুর | ২৩৯০ | ০.২৮ | ১,৭৬৪/- | ৫,২৯২/- | |
| ৫ | ব্রহ্মপুর | ইয়ারপুর মৌজা পুকুর | ইয়ারপুর | ৭০৭ | ০.০৮ | ৭৩৫/- | ২,২০৫/- | |
| ৬ | ব্রহ্মপুর | কুটুরীপাড়া মৌজা পুকুর | কুটুরীপাড়া | ৫৮০ | ০.২১ | ২,১০৬/- | ৬,৩১৬/- | |
| ৭ | ব্রহ্মপুর | ধনকোড়া মৌজা পুকুর | ধনকোড়া | ১৪৬৭ | ০.২৫ | ১,৬৫৪/ | ৪,৯৬১/- | |
| ৮ | ব্রহ্মপুর | সরকুতিয়া মৌজা পুকুর | সরকুতিয়া | ৩৮৮৫ | ০.২০ | ২,০০৬/- | ৬০১৭/- | |
| ৯ | মাধনগর | ভট্রপাড়া মৌজা পুকুর | ভট্রপাড়া | ১৩২৭ | ০.২১ | ২,৬২৫/- | ৭,৮৭৫/- | |
| ১০ | খাজুরা | একডালা মৌজা পুকুর | একডালা | ১০৭১, ১০৮৮ | ১.২৫, ৪.৭০ | ১,৫৭,৬১৮/- | ৪,৭২,৮৫৩/- | |
| ১১ | মাধনগর | নুরিয়াগাছা মৌজা পুকুর | নুরিয়াগাছা | ১৮৬ | ০.১৭ | ২,৮২৩/- | ৮,৪৬৭/- | |
| ১২ | সাধনগর | সাধনগর মৌজা পুকুর | সাধনগর | ৪৪২৬ | ০.১৮ | ২২০৫/- | ৬৬১৫/- | |
| ১৩ | খাজুরা | দিঘীরপাড় মৌজা পুকুর | দিঘীরপাড় | ৩৫৮ | ০.৬৭ | ২৭,৯৮২/- | ৮৩,৯৪৪/- | |
| ১৪ | খাজুরা | দিঘীরপাড় মৌজা পুকুর | দিঘীরপাড় | ২০১ | ২.৪১ | ৭০,২৩০/- | ২,১০,৬৮৮/- | |
| ১৫ | খাজুরা | সাধনগর মৌজা পুকুর | সাধনগর | ২১১২, ২১০৫ | ২.০৪, ০.৪৮ | ১,৬২,০০০/- | ৪,৮৫,৯৯৮/- | |
| ১৬ | পিপরুল | ঠাকুরলক্ষীকোল মৌজাপুকুর | ঠাকুরলক্ষীকোল | ৩৩৮৫ | ০.৩৮ | ৭,৭১৮/- | ২৩,১৫৩/- | |
| ১৭ | পিপরুল | খোলাবাড়িয়া মৌজাপুকুর | খোলাবাড়িয়া | ১৯৮১ | ০.৩৩ | ৯,৪৫০/- | ২৮,৩৫০/- | |
| ১৮. | পিপরুল | হাঁপানিয়া মৌজাপুকুর | হাঁপানিয়া | ১৮২ | ০.১০ | ৬,৩০০/- | ১৮,৯০০/- | |

## শর্তাবলী ঃ

১। যে সকল সমিতি যা সমবায় অধিদপ্তরে নিবন্ধিত সে সমিতি বা সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে, কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন/সমিতি সরকারি জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবেন না। শর্ত থাকে যে, উক্ত সমিতিতে যদি প্রকৃত মৎস্যজীবী নন এমন কোন সদস্য থাকেন বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন, তাহলে উক্ত সমিতি আবেদন করার যোগ্য হবে না।

২। প্রকৃত মৎস্যজীবী সমিতি যারা সমাজ সেবা অধিদপ্তরে নিবন্ধিত, যেখানে প্রকৃত মৎস্যজীবী ছাড়া অন্য কোন সদস্য নেই তারাও আবেদনে অংশ গ্রহণের জন্য উপযুক্ত বিবেচিত হবেন।

৩। জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত স্থানীয় প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে বন্দোবস্তের ক্ষেত্রে অগ্রাধিকার পাবে। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন পাওয়া না যায় সেক্ষেত্রে অন্যান্য পাশ্ববর্তী উপজেলা/জেলা মৎস্যজীবী সংগঠন /সমিতিকে জলমহাল বন্দোবস্ত প্রদানের বিষয় বিবেচনা করা হবে।

৪। দাখিলকৃত আবেদনের কপির সহিত বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখের মধ্যে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ( যে কোন তপশীল ব্যাংক হতে) করতে হবে। উক্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপজেলা নির্বাহী অফিসার, নলডাঙ্গা,নাটোর এর অনুকূলে দাখিল করতে হবে।

৫। আবেদনের সকল তথ্যাদি জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নলডাঙ্গা, নাটোর এ দাখিল করতে হবে। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে "জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন" কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বামপার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।

৬। বিজ্ঞপ্তিতে অন্তর্ভূক্ত সংশ্লিষ্ট জলমহালের ০৩ (তিন) বছরের ইজারা মূল্যের উপর ২০% অর্থ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে জামানত হিসেবে উপজেলা নির্বাহী অফিসার, নলডাঙ্গা,নাটোর এর অনুকূলে আবেদনের সাথে দাখিল করতে হবে। লিজপ্রাপ্ত সমিতির জামানতের অর্থ ইজারার শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। লিজপ্রাপ্ত হয়নি এমন সমিতির পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ফেরত প্রদান করা হবে।

৭। লিজগ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি তাদের নামে লিজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব-লিজ অথবা অন্য কোন ব্যক্তি বা গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না। যদি তা করে থাকে তাহলে উক্ত লিজ বাতিল করা হবে, জমাকৃত লিজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত লিজ গ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি পরবর্তী ১২ বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

৮। ইজারার মেয়াদ শেষ হলে মাছ সংগ্রহের জন্য অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা যাবে না।

৯। কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি ০২(দুই) টির বেশী জলমহাল বন্দোবস্ত পাবে না। পূর্বের বকেয়া থাকলে আবেদন বিবেচনাযোগ্য হবে না। কোন জলমহালের বিষয়ে বিজ্ঞ আদালতের মামলায় স্থগিতাদেশ/স্থিতিবস্থা/নিষেধাজ্ঞার আদেশ থাকলে সেক্ষেত্রে কার্যক্রম স্থগিতাদেশ/ স্থিতিবস্থা/ নিষেধাজ্ঞার আদেশ প্রত্যাহারের পর পরিচালিত হবে। পূর্বের লিজ গ্রহণ করা থাকলে জরুরি ভিত্তিতে আপত্তি দিতে হবে।

১০। (ক) উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি/জেলা প্রশাসক/বিভাগীয় কমিশনারের সিদ্ধান্তের প্রেক্ষিতে বন্দোবস্ত প্রাপ্ত প্রকৃত মৎস্যজীবী সমিতি/সংগঠন ১ম বছরের সমুদয় রাজস্ব অন্যান্য করাদি সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে পরিশোধ করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধের পর বন্দোবস্ত গ্রহীতা লিজ চুক্তিপত্র সম্পাদনক্রমে জলমহালের দখল বুঝে নিবেন।

(খ) ২য় বছরের সম্পূর্ণ ইজারামূল্য ১ম বছরের ১লা চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে এবং পরবর্তী বছরসমূহের ইজারামূল্য একইভাবে পূর্ববর্তী বছরের ১লা চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যুক্তিসংগত কারণ ব্যতীত সমুদয় ইজারামূল্য পরিশোধে ব্যর্থ হলে উপজেলা নির্বাহী অফিসার ইজারা বাতিল করবেন এবং জামানতের অর্থ সরকারের অনুকুলে বাজেয়াপ্ত হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

১১। জলমহাল ইজারার মেয়াদ ১লা বৈশাখ থেকে শুরু হবে ৩০ চৈত্র তারিখে তা শেষ হবে।

১২। ইজারা মূল্যের উপর সরকারের নির্ধারিত হারে ভ্যাট ও আয়কর লিজমানির সাথে একত্রে প্রদান করতে হবে। (১৫% ভ্যাট ও ১০% আয়কর)।

১৩। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিধিবিধান মেনে চলতে বাধ্য থাকবে।

১৪। জলমহাল ও জলমহালের ইজারা সংক্রান্ত অন্যান্য শর্তাদিসহ যে কোন বিষয় এ অফিস হতে জানা যাবে। পূর্বের লিজ গ্রহণ করা থাকলে জরুরি ভিত্তিতে উপযুক্ত প্রমাণসহ আপত্তি দিতে হবে (বিজ্ঞপ্তি প্রকাশের ০৩ (তিন) দিনের মধ্যে)।

১৫। কোন ভূয়া/মিথ্যা তথ্য দাখিল করলে আবেদন বাতিল হবে।

১৬। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি যে কোন আবেদনপত্র গ্রহণ বা সকল আবেদনপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং ইজারা বিষয়ে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

১৭| বিজ্ঞপ্তির যে কোন শর্তাবলি সংযোজন/বিয়োজন/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

08.02.2026

(মোঃ আল এমরান খাঁন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থপনা কমিটি
নলডাঙ্গা,নাটোর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
নলডাঙ্গা, নাটোর
www.acl.naldanga.natore.gov.bd

স্মারক নম্বরঃ ৩১.৪৩.৬৯৫৫.০০০.১৬.০০১.২৬-২১

তারিখঃ ২০ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ
০৪ জানুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
২। জেলা প্রশাসক, নাটোর।
৩। প্রশাসক, উপজেলা পরিষদ, নলডাঙ্গা, নাটোর
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নাটোর
৫। জেলা তথ্য অফিসার,নাটোর (বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো )।

**অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে ও বহুল প্রচারের জন্য অনুরোধসহ প্রেরিত হলঃ**

৬। প্রশাসক, নলডাঙ্গা পৌরসভা , নলডাঙ্গা, নাটোর
৭। সহকারী কমিশনার (ভূমি) নলডাঙ্গা, নাটোর
৮। উপজেলা...........................অফিসার, নলডাঙ্গা, নাটোর।
৯। ভারপ্রাপ্ত কমকর্তা, নলডাঙ্গা থানা, নাটোর।
১০। চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান, ..............................(সকল), ইউনিয়ন পরিষদ, নলডাঙ্গা, নাটোর।
১১। ইউনিয়ন ভূমি সহকারী কমকর্তা, ..............................(সকল), ইউনিয়ন ভূমি অফিস, নলডাঙ্গা,নাটোর, (ব্যপক প্রচারের জন্য অনুরোধ করা হলো। জারীর প্রতিবেদন ধার্য তারিখের পূর্বেই প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
১২। সম্পাদক..................................(তাকে স্বল্প পরিসরে বিজ্ঞাপনটি ০১ (এক) দিনের জন্য প্রচার করার নিমিত্ত অনুরোধ করা হলো। প্রচারান্তে ০২ (দুই) কপি বিল নিম্ন স্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য অনুরোধ করা হলো)।
১৩। অফিস কপি।

৪।১।২৬

(মোঃ আশিকুর রহমান )
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থপনা কমিটি
নলডাঙ্গা,নাটোর